বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax:8189029

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০. ০২৪-১২-২৪৪২ তারিখঃ ২৫/১/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ অপ্রধান শস্য উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের (সংশোধিত)" আওতায় গঠিত সমিতিসমূহের সদস্যদেরকে আইজিএ ভিত্তিক কাজে উৎসাহিত করণ, প্রশিক্ষণ ও ঋণ সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। নিত্য ব্যবহার্য কৃষি পণ্যের আমদানি নির্ভরতা কমিয়ে দেশীয় সক্ষমতা অর্জনের জন্য বিআরডিবি ইতোমধ্যেই অপ্রধান শস্য (আদাঁ, হলুদ, ধনিয়া, রসুন, মুগডাল, মাশকলাই, তিল, তিসি, বাদাম, পেঁয়াজ, খেসারি ডাল, ভুট্টা, সূর্যমূখী, সয়াবিন, মসুর, ছোলা, মটর ইত্যাদি) উৎপাদনে গুরুত্ব দিয়ে প্রকল্প বাস্তবায়ন করছে। ইরেসপো'র আওতাধীন সমিতি সমূহের সদস্যদেরকে অপ্রধান শস্য উৎপাদনের বিষয়ে উৎসাহিত করে অপ্রধান শস্য উৎপাদনের কলা কৌশল সম্পর্কে ধারনা প্রদানের জন্য প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ লব্ধ জ্ঞান সফল প্রয়োগের জন্য ঋণ সহায়তার বিষয়টি অগ্রাধিকার দিয়ে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। উল্লেখ্য ০৩ দিন ব্যাপী আইজিএ প্রশিক্ষণের জন্য নির্ধারিত বাজেট ও বিভাজন অনুযায়ী প্রশিক্ষণ ব্যয় নির্বাহ করতে হবে।

এমতাবস্থায়, সমিতির সদস্যদেরকে অপ্রধান শস্য উৎপাদন বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ অপ্রধান শস্যের তালিকা ও প্রশিক্ষণ সূচী।

২৫/০১/১৫.
(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
----------------উপজেলা,
---------------------জেলা।

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০. ০২৪.১২-২৪৪২ তারিখঃ ২৫/০১/২০১৫ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
২. উপ পরিচালক, বিআরডিবি, জেলাঃ ---------------------।
৩. পরিচালক (সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

২৫/০১/১৫
মোঃ আবুল কালাম
উপ-প্রকল্প পরিচালক প্রশাঃ প্রশিঃ
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax:8189029

## প্রশিক্ষণ সূচী

কোর্সের নাম ঃ অপ্রধান শস্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও বাজারজাতকরণ।
কোর্স পরিচালক ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।
কোর্স সমন্বয়ক ঃ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)
কোর্সের মেয়াদ ঃ ০৩দিন
অধিবেশন সংখ্যা ঃ ১২ টি
অংশগ্রহন কারী ঃ প্রকল্পের সুবিধাভোগী সদস্যবৃন্দ

| তারিখ ও কার্য দিবস | সময় | অধিবেশন নং | বিষয় | রিসোর্স পার্সন/ ব্যবস্থাপক |
|---|---|---|---|---|
| ১ম দিন<br>তারিখ ও বার | ৯.৩০-১০.০০ | | নিবন্ধন ও প্রাক প্রশিক্ষণ আলোচনা | সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো। |
| | ১০.০০-১০.৩০ | | প্রশিক্ষণ উদ্বোধন | উপজেলা চেয়ারম্যান; উপজেলা নির্বাহী অফিসার; উপপরিচালক, বিআরডিবি; |
| | ১০.৩০-১১.৩০ | ০১ | বাংলাদেশের প্রেক্ষাপটে অপ্রধান শস্যের গুরুত্ব, চাহিদা, বৈদেশিক মুদ্রার অপচয় রোধ ও দেশীয় সক্ষমতা অর্জনে অপ্রধান শস্যের ভূমিকা। | উপজেলা নিবার্হী অফিসার |
| | ১১.৩০-১২.৩০ | ০২ | অপ্রধান শস্য উৎপাদনের সম্ভাবনা ও উপযোগীতা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| | ১২.৩০-২.০০ | | নামাজ ও মধ্যাহ্ন বিরতি | |
| | ২.০০-৩.০০ | ০৩ | বিভিন্ন প্রকার অপ্রধান শস্যের পরিচিতি, জাত নির্বাচন, রোপনের সময়, রোপন পদ্ধতি, রোপন দূরত্ব ও বেডের আকার। | উপজেলা কৃষি অফিসার/কৃষি সম্প্রসারণ অফিসার |
| | ৩.০০-৪.০০ | ০৪ | আলু ও ভুট্টা চাষ, পরিচর্যা, সার প্রয়োগ, কীটনাশক প্রয়োগ, সংরক্ষন, প্রক্রিয়াকরাণ ও বাজারজাতকরণ। | উপজেলা কৃষি অফিসার/কৃষি সম্প্রাসারণ অফিসার |
| ২য় দিন<br>তারিখ ও বার | ৯.৩০-১০.৩০ | | পূর্ব দিনের আলোচিত বিষয়ের উপর পর্যালোচনা ও প্রশ্নোত্তর | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) |
| | ১০.৩০-১১.৩০ | ০৫ | ডাল জাতীয় অপ্রধান শস্য পরিচর্যা, ফলন, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ (মুগ, মসুর, মাসকলাই, ছোলা, মটর খেসারী, অড়হর ইত্যাদি) | উপজেলা কৃষি অফিসার/কৃষি সম্প্রসারণ অফিসার |
| | ১১.৩০-১২.০০ | | বিরতি | |
| | ১২.০০-১.০০ | ০৬ | বিভিন্ন প্রকার অপ্রধান শস্য উপযোগী মাটি, আবহাওয়া ও বীজ নির্বাচন, সার প্রয়োগ। | উপজেলা কৃষি অফিসার/কৃষি সম্প্রসারণ অফিসার |
| | ১.০০-২.০০ | | নামাজ ও মধ্যাহ্ন বিরতি | |
| | ২.০০-৩.০০ | ০৭ | তৈল জাতীয় শস্যের পরিচর্যা, ফলন ও প্রক্রিয়াকরণ (সরিষা, সয়াবিন, সূর্যমূখী, চীনা বাদাম, তিল, তিসি ইত্যাদি)। | উপজেলা কৃষি অফিসার/কৃষি সম্প্রসারণ অফিসার |
| | ০৩.০০-৪.০০ | ০৮ | মসলা জাতীয় অপ্রধান শস্যের পরিচর্যা, ফলন ও প্রক্রিয়াকরণ পদ্ধতি (পিয়াজ, রসুন, আদা, হলুদ, মরিচ, ধনিয়া ইত্যাদি) | উপজেলা কৃষি অফিসার/কৃষি সম্প্রসারণ অফিসার |
| ৩য় দিন<br>তারিখ ও বার | ৯.৩০-১০.০০ | | পূর্ব দিনের আলোচিত বিষয়ের উপর পর্যালোচনা ও প্রশ্নোত্তর | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) |
| | ১০.০০-১১.০০ | ০৯ | অপ্রধান শস্যের সংরক্ষণ ও বাজারজাতকরণ পদ্ধতি | সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) |

| তারিখ ও কার্য দিবস | সময় | অধিবেশন নং | বিষয় | রিসোর্স পার্সন/ ব্যবস্থাপক |
|---|---|---|---|---|
| | ১১.০০-১১.৩০ | | চা বিরতি | |
| | ১১.৩০-১২.৩০ | ১০ | পরিমিত কীটনাশক ব্যবহার, ব্যবহারের পরিমান ও পদ্ধতি | কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক |
| | ১২.৩০-০২.০০ | | নামাজ ও মধ্যাহ্ন বিরতি | |
| | ০২.০০-০৩.০০ | ১১ | অপ্রধান শস্য উৎপাদনের সাথে ভোক্তা চাহিদার সমন্বয়, পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচনে অপ্রধান শস্যের প্রভাব। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| | ০৩.০০-০৪.০০ | ১২ | অপ্রধান শস্যের অর্থনৈতিক গুরুত্ব | উপপরিচালক, বিআরডিবি |
| | ০৪.০০-০৫.০০ | | কোর্স মূলায়ন ও সমাপনী | উপপরিচালক বিআরডিবি,উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

বিঃ দ্রঃ

১. অধিবেশনে আলোচ্য বিষয়ের লেকচার সীট প্রদানের জন্য রির্সোস পার্সনদের কে অনুরোধ করতে হবে।

২. রিসোর্স পার্সনদের পরামর্শ বা তাদের সাথে আলোচনাক্রমে প্রশিক্ষণ সূচী সংযোজন বিয়োজন বা আন্তঃসমন্বয় করা যাবে।

৩. প্রয়োজনে বিএডিসি ও কৃষি বিপনন অধিদপ্তর এর কর্মকর্তাদের কে প্রশিক্ষণে সম্পৃক্ত করতে হবে।

(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪